



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা সরকারি কলেজ

পুলিশ লাইন, কুমিল্লা।

টেলিফোন: ০৮১-৬৮৪১৩ (অধ্যক্ষ) ০৮১-৬৫৯৬৮ (অফিস)

ই-মেইল: comillacollegebd@yahoo.com, ওয়েবসাইট: www.cgcc.edu.bd

কলেজ কোড: শিক্ষা মন্ত্রণালয়-০১১১, জাতীয় বিশ্ববিদ্যালয়-৩৭০২, কুমিল্লা শিক্ষা বোর্ড-৭৭৭৫, EIIN : ১০৫৮২৪




তারিখ : ১৬/০২/২০২৫

বিজ্ঞপ্তি

কুমিল্লা সরকারি কলেজের একাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ও অধ্যয়নরত **অসচ্ছল পরিবারের** উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে আগামী **২৩/০২/২০২৫** তারিখের মধ্যে উপবৃত্তি প্রাপ্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ কলেজ অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো। কলেজের অফিস থেকে উপবৃত্তির আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

বি:দ্র:

- ১। শিক্ষার্থী সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি / সাধারণ বৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে উপবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- ২। কমিটির সদস্যগণ কর্তৃক প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে আবেদনপত্রের তথ্যাদি যথাযথভাবে যাচাই-বাছাই করা হবে। কোনো অসত্য তথ্য প্রদান করে আবেদন করলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে।
- ৩। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।



প্রফেসর মোঃ নূরুর রহমান খান

আইডি নং-৩০৫১

অধ্যক্ষ

কুমিল্লা সরকারি কলেজ, কুমিল্লা

আবেদন ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা :

- ১। শিক্ষার্থী কর্তৃক সত্য তথ্য প্রদানপূর্বক পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম;
- ২। শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- ৩। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- ৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- ৫। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি;
- ৬। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর;
- ৭। একই মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা;
- ৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং **নগদ** একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং **নগদ** একাউন্ট এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং **নগদ** একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;